JUSTICE AGENDA
NO TIME TO WAIT

**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/11/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো ক্লার্কসটাউনে নিষ্কাশন পরিকাঠামোর উন্নয়নে 5.1 মিলিয়ন ডলারের নির্মাণ প্রকল্প শুরুর কথা ঘোষণা করেছেন

***উন্নয়নগুলি বন্যা হওয়ার সম্ভাবনা হ্রাস করবে, মুখ্য জলনিকাশী পথগুলিকে বাধামুক্ত রাখবে এবং আপৎকালীন গাড়িগুলির অ্যাক্সেস উন্নত করবে***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ, ক্লার্কসটাউন শহরে উন্নত নিষ্কাশন পরিকাঠামো গঠনের জন্য 5.1 মিলিয়ন ডলারের ক্র্যানফোর্ড ড্রাইভ নিষ্কাশন উন্নয়ন প্রকল্প (Cranford Drive Drainage Improvements Project) শুরুর কথা ঘোষণা করেছেন। নিউ ইয়র্ক রাইজিং কমিউনিটি পুনর্গঠন কমিটির (NY Rising Community Reconstruction (NYRCR) Committee) সদস্যদের দ্বারা গঠিত, প্রকল্পটি হাকেনসাক নদীর পশ্চিম শাখার একটি উপনদী ডামারেস্ট কিল এর পরিমার্জন এবং পুনর্নির্মাণের মাধ্যমে অঞ্চলটিতে গত 30 বছর ধরে ঘটে চলা বন্যার প্রকোপ হ্রাস করবে।

"চরম প্রতিকুল আবহাওয়ার ঘটনাগুলির সময় কমিউনিটিগুলিকে সুরক্ষিত করতে এবং জনগণের নিররাপত্তা উন্নত করতে বিশ্বস্ত পরিকাঠামো গুরুত্বপূর্ণ", **গভর্নর কুওমো বলেন।** "এই প্রকল্প ভবিষ্যতে শুধু ঝড় বৃষ্টির কারণে হওয়া বন্যাকেই প্রতিরোধ করবে না, এটি গুরুত্বপূর্ণ যাতায়াতের পথ সুগম করবে, যা প্রকৃতির ভাণ্ডারে সঞ্চিত ভবিষ্যতের ক্ষতিকর আবহাওয়ার সাথে লড়াই করার জন্য ক্লার্কসটাউনকে আরও দৃঢ় এবং সহনশীল করে তুলবে।"

"ক্লার্কস্টাউন শহরের অধিবাসীদের যুগের পর যুগ ধরে বন্যার প্রকোপ, এবং সুপারস্টরম স্যান্ডির (Superstorm Sandy) মতো চরম প্রতিকূল আবহাওয়া যা পরিস্থিতিকে আরও খারাপ করে তুলেছিল, সামলাতে হয়েছে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন, যিনি আজকের ঘোষণা করেছেন।** "স্টেটের থেকে 3 মিলিয়ন ডলার অর্থ সরবরাহ এবং স্থানীয় প্রশাসনের সাথে একটি অংশীদারীত্বে, এই পরিকাঠামো প্রকল্প ঝড়ের পরে নিজেদের স্বাভাবিক জীবনে প্রত্যাবর্তনের ক্ষমতা এবং রকল্যান্ড কাউন্টির অধিবাসীদের জীবনযাত্রার মানকে উন্নত করবে।"

হারিকেন আইরিন (Hurricane Irene) এবং সুপারস্টর্ম স্যান্ডির সময়, দ্রুত বৃদ্ধি পাওয়া জলের স্তর নদীর দুকূল ছাপিয়ে যায়, ব্রিজ ও কালভার্টগুলি জলে ডুবে যায় এবং তার ফলে গুরুত্বপূর্ণ রাস্তাগুলি যাতায়াতের অযোগ্য হয়ে পড়ে। বন্যার অতিরিক্ত জল ধরে রাখতে একটি চ্যানেল এবং যথাযথ আকারের প্লাবনভূমি সৃষ্টি করা, জলপ্রবাহ নিয়ন্ত্রণ এবং নদীর তটক্ষয় সীমিত করা প্রকল্পটি, রকল্যান্ড কাউন্টি এবং ক্লার্কসটাউন শহরের অংশীদারীত্বে গভর্নরের ঝড়ের প্রকোপ থেকে পুনরুদ্ধারের কার্যালয় (Governor's Office of Storm Recovery, GOSR) থেকে অর্থপ্রাপ্ত।

গভর্নর কুওমো সুপারস্টার স্যান্ডি, হারিকেন আইরিন এবং ট্রপিকাল স্টর্ম লি এর পর পুনরুদ্ধার এবং স্থিতিশীলতা প্রক্রিয়ায় বাসিন্দাদের ক্ষমতায়ন এবং তাদের কমিউনিটির নির্দিষ্ট চাহিদা ও সম্পদের বিষয়ে কথা বলার জন্য নিউ ইয়র্ক রাইজিং কমিউনিটি রিকনস্ট্রাকশন (NYRCR) প্রোগ্রাম প্রতিষ্ঠা করেছেন। এখন ক্লার্কসটাউন শহর দ্বারা বাস্তবায়িত হওয়া ক্র্যানফোর্ড ড্রাইভ নিষ্কাশন উন্নয়ন প্রকল্প (Cranford Drive Drainage Improvements Project), স্টেটজুড়ে নিউ ইয়র্ক রাইজিং কমিউনিটি পুনর্গঠন কমিটির (NYRCR) বাস্তবায়নের জন্য স্থানীয়ভাবে পরিকল্পিত শতাধিক প্রস্তাবগুলির মধ্যে একটি।

ক্র্যানফোর্ড ড্রাইভ নিষ্কাশন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে, ওল্ড রুট 304 এর দক্ষিণে অবস্থিত এবং ক্র্যানফোর্ড ড্রাইভের সমান্তরাল ভাবে বিস্তৃত, ডেমারেস্ট কিল এর 4,650 ফুট দীর্ঘ গতিপথ ও তট পুনর্নির্মাণ এবং বাধামুক্ত করা হবে। যেহেতু চ্যানেলটি নদীর প্রবাহ উন্নত করার জন্য পুনর্গঠন করা হচ্ছে, তাই বিভিন্ন গুল্ম এবং গাছ লাগালে প্রাকৃতিক সম্পদ ব্যবহারের মাধ্যমে বন্যার প্রকোপ আরও হ্রাস করা যাবে।

ভবিষ্যতে ঝড় জলের ঘটনায় জীবন ও সম্পদ রক্ষার লক্ষ্য নিয়ে ক্র্যানফোর্ড ড্রাইভ, বুশ কোর্ট, ক্রেগমেয়ার ওভাল এবং রিজফিল্ড ড্রাইভ বরাবর উন্নয়ন করা হচ্ছে। গভর্নরের অফিস অফ স্টর্ম রিকোভারি (GOSR) থেকে প্রকল্পটিকে সহায়তা করতে 3 মিলিয়ন ডলার দেওয়া হয়েছে, সেইসাথে রকল্যান্ড কাউন্টি ড্রেনেজ এজেন্সি (Rockland County Drainage Agency) তহবিল থেকে আরও 1 মিলিয়ন ডলার আসছে। ক্লার্কসটাউন শহর একটি অতিরিক্ত 1.1 মিলিয়ন ডলারের বন্ড প্রদান করেছে।

তাদের হস্তক্ষেপের মাধ্যমে, প্রকল্পটি, আগে থাকা বন্যা সম্পর্কিত বিশদ বর্ণনার একটি ত্রুটি সংশোধন করে এবং নিউ ইয়র্কবাসীদের গৃহ বিমার প্রিমিয়ামে সাশ্রয় করে, যুক্তরাষ্ট্রীয় আপৎকালীন ব্যবস্থাপনা এজেন্সির (Federal Emergency Management Agency) থেকে একটি বন্যার মানচিত্রের পুনঃশ্রেণীবিন্যাস চাইতে সক্ষম করবে।

**এমিলি থম্পসন, ভারপ্রাপ্ত সাধারণ পরামর্শদাতা এবং গভর্নরের স্টর্ম রিকোভারি অফিসের পররাষ্ট্র বিষয়ক মুখ্য আধিকারিক, বলেছেন,** "দুর্ভাগ্যবশত ক্লার্কস্টাউনের সমস্ত অধিবাসী ভয়াবহ বন্যার ঘটনার সাথে খুব ভালোভাবে পরিচিত। ক্র্যানফোর্ড ড্রাইভ নিষ্কাশন উন্নয়ন প্রকল্পের মাধ্যমে, আমরা ক্লার্কসটাউন শহরে ও তার আশেপাশে বসবাস করা এবং কাজ করা মানুষদের স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষা করব এবং তাদের কল্যাণ সাধন করব। আমাদের এই সুন্দর স্টেটের ভবিষ্যৎ স্থায়িত্ব উন্নয়নে গভর্নর কুওমো এবং লেফটেন্যান্ট গভর্নর হোচুলের সাথে যোগদান করতে পেরে আমরা গর্বিত।"

**সিনেটর ডেভিড কার্লুচি বলেন,** "অবশেষে, আমাদের অধিবাসীরা স্বস্তি পাবে এবং বাড়িগুলি প্রবল বৃষ্টি বা ভয়াবহ প্রাকৃতিক বিপর্যয়ের থেকে আরও ভালো ভাবে সুরক্ষিত হবে। জীবনযাত্রার মান সম্পর্কিত সমস্যার সমাধানে, এই প্রকল্পটি, স্টেট, রকল্যান্ড কাউন্টি, এবং ক্লার্কসটাউন শহরের একসাথে কাজ করার একটি দারুণ নজির।"

**অ্যাসেমব্লী সদস্য কেন জেব্রস্কি বলেছেন,** "বন্যার জন্য অধিবাসীরা গত তিন যুগ ধরে যে কষ্ট পেয়ে এসেছে, অবশেষে তার অবসান হতে চলেছে। বছরের পর বছর ধরে ক্লার্কসটাউন শহর এই সমস্যার সমাধানে আপ্রাণ চেষ্টা করে আসছিল, এবং এই প্রকল্পটি সেই কাজ করবে আশা করে আমি রোমাঞ্চিত। এই প্রকল্পটিকে গুরুত্ব দেওয়ার জন্য এবং সেটি বাস্তবায়িত করার জন্য প্রয়োজনীয় অর্থায়ন করার জন্য আমি গভর্নর এবং তার অফিস অফ স্টর্ম রিকোভারিকে ধন্যবাদ জানাতে চাই। আমি ক্লার্কসটাউন শহর এবং রকল্যান্ড কাউন্টি ড্রেনিং এজেন্সি, সেইসাথে অধীবাসীবৃন্দ যারা এই সামগ্রিক প্রক্রিয়ার সময়কালে ধৈর্য্যশীল ছিলেন তাদেরও আমি আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাই।"

**ক্লার্কসটাউন শহরের সুপারভাইজার জর্জ হোয়েম্যান বলেছেন,** "লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল, গভর্নরের স্টর্ম রিকোভারি অফিসের নিবেদত টিম এবং রকল্যান্ড কাউন্টিকে আমি এই প্রকল্পে সহায়তার জন্য ধন্যবাদ জানাতে চাই। যে সব মানুষ এখানে বসবাস করেন এবং যারা বছরের পর বছর ধরে বন্যায় কষ্ট ভোগ করেছেন তাদের জন্য এই প্রকল্পের গুরুত্ব অসীম।"

**অঞ্চলের অধিবাসী মাইক ক্যাটিনা বলেছেন,** "বছরের পর বছর ধরে ভয়াবহ বন্যায় আমার সম্পত্তি ক্ষতিগ্রস্ত হওয়ার পরে, নিউ সিটির এই অঞ্চলের বন্যার সমস্যার অবশেষে একটি দীর্ঘস্থায়ী সমাধান হচ্ছে জেনে আশ্বস্ত হলাম।"

সমগ্র স্টেটে, সবমিলিয়ে, 650জন নিউ ইয়র্কবাসী 66 নিউ ইয়র্ক রাইজিং কমিউনিটি পুনর্গঠন প্ল্যানিং কমিটিগুলিতেকাজ করেন এবং তারা তাদের অঞ্চলগুলির স্বতন্ত্র প্রয়োজনীয়তা এবং সম্পদের দ্বারা অনুপ্রাণিত হয়ে একত্রে শতাধিক প্রকল্পের প্রস্তাব দিয়েছেন। আরও শক্তিশালী কমিউনিটির পুনর্গঠন, পরিকাঠামো মজবুত করা, ভবিষ্যৎ দুর্যোগকালীন ক্ষয়ক্ষতি হ্রাস করা ও নবজীবনের সঞ্চারনকে উদ্দীপিত করার লক্ষ্যে NYRCR কমিটিগুলি, সবমিলিয়ে, 650টি পরিকল্পনা সভা ও 250টি বিরাট-পরিসরের জনসংযোগ সম্পর্কিত অনুষ্ঠানের আয়োজন করেছে।

2013 সালের জুন মাসে প্রতিষ্ঠিত, গভর্নরস অফিস অব স্টর্ম রিকভারি (GOSR) সমগ্র স্টেটে সুপারস্টর্ম স্যান্ডি, হারিকেন আইরিন এবং ট্রপিক্যাল স্টর্ম লি পরবর্তী পুনরুদ্ধার কাজের সমন্বয় সাধন করেছে। এর নিউ ইয়র্ক রাইজিং আবাসন পুনরুদ্ধার (NY Rising Housing Recovery), ক্ষুদ্র ব্যবসা (Small Business), কমিউনিটি পুনর্গঠন (Community Reconstruction), পরিকাঠামো (Infrastructure) এবং নকশা অনুযায়ী পুনর্নির্মাণ (Rebuild By Design), কর্মসূচিগুলির মাধ্যমে GOSR ফেডারেল কমিউনিটি উন্নয়ন ব্লক অনুদান - দুর্যোগ পুনরুদ্ধার তহবিলে 4.5 বিলিয়ন ডলার বিনিয়োগ করেছে যাতে চরম আবহাওয়া পরিস্থিতির জন্য নিউইয়র্ক আরো ভালোভাবে প্রস্তুত হতে পারে। গভর্নরস অফিস অব স্টর্ম রিকভারি এবং এর কর্মসূচিগুলির বিষয়ে আরও তথ্য অনলাইনে পাওয়া যাবে এখানে: http://stormrecovery.ny.gov/।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন